তারিখ ২৮ DEC 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

সংবাদ

# প্রাথমিক সমাপনী ও জেএসসির ফল প্রকাশ কাল

নিজস্ব বার্তা পরিবেশক

জেএসসি-জেডিসি এবং প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার ফল আগামীকাল প্রকাশ করা হবে। ওই দিন সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি হস্তান্তর করবেন শিক্ষামন্ত্রী এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী। এরপর সচিবালয়ে দুপুরে পৃথক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান।

দুই মন্ত্রীর সংবাদ সম্মেলনের পরপরই ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হবে। পাশাপাশি যেকোন মোবাইল ফোন থেকে এসএমএস করেও সমাপনী পরীক্ষার ফল জানা যাবে। পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষার ফল প্রাথমিক শিক্ষা অধিদফতরের ওয়েবসাইটে (ীীী.[illegible].মড়া.নফ) এবং জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (ীীী.বফঁপধঃরড়হনড়ধৎফৎবংঁষঃং.মড়া.নফ) ও সংশ্লিষ্ট সব পরীক্ষা কেন্দ্র বা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ই-মেইল এর মাধ্যমে সংগ্রহ করা যাবে।

দেশের দুই হাজার ৭৩৪টি কেন্দ্রে এ বছর অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট প্রাথমিক : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## প্রাথমিক : সমাপনী

(১ম পৃষ্ঠার পর)

(জেএসসি) এবং মাদ্রাসার জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় অংশ নেয় মোট ২৪ লাখ ১২ হাজার ৭৭৫ জন পরীক্ষার্থী।

এই পরীক্ষা গত ১ নভেম্বর শুরু হয়। আর জেএসসি পরীক্ষা শেষ হয় ১২ নভেম্বর এবং জেডিসি পরীক্ষা শেষ হয় ১৯ নভেম্বর। বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র ছাড়া অন্য বিষয়ের পরীক্ষা এবার সৃজনশীল প্রশ্নে নেয়া হয়।

এদিকে প্রাথমিক শিক্ষা সমাপনীতে এবার ২৯ লাখ ৩০ হাজার ৫৭৩ জন এবং এবতেদায়ি সমাপনীতে দুই লাখ ৯৯ হাজার ৭১৫ জনসহ মোট ৩২ লাখ ৩০ হাজার ২৮৮ শিক্ষার্থী অংশ নিয়েছে। এর মধ্যে প্রাথমিকে ছাত্র ১৩ লাখ ৪৬ হাজার ৩২ জন এবং ছাত্রী ১৫ লাখ ৮৪ হাজার ৫৪১ জন। এবতেদায়িতে ছাত্র এক লাখ ৫৭ হাজার ৩১৯ জন এবং ছাত্রী এক লাখ ৪২ হাজার ৩৯৬ জন।

প্রাথমিক ও এবতেদায়ি পরীক্ষায় দেশের বাইরে ১১টিসহ সারাদেশে সাত হাজার ১৯৪টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। গত ২০ নভেম্বর শুরু হয়ে এ পরীক্ষা শেষ হয় ২৭ নভেম্বর।

পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য ২০০৯ সালে প্রাথমিক শিক্ষা সমাপনী এবং এবতেদায়িতে সমাপনী পরীক্ষা শুরু হয় ২০১০ সালে। এই পরীক্ষার ফলের ওপর ভিত্তি করে শিক্ষার্থীদের প্রতি বছর বৃত্তি দেয় সরকার।